

“প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তির নমুনা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
আইন অধিশাখা।

পত্র সংখ্যা-৫৯.০০.০০০০.১১৯.২২.০৩১.১৭-১৬৫

তারিখঃ ১৯ ভাদ্র ১৪২৬খ্রি,  
০৩ সেপ্টেম্বর ২০১৯

“স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্যানেল আইনজীবী মনোনয়নের নিমিত্ত বিজ্ঞপ্তিঃ”

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা (পক্ষে/ বিপক্ষে ) পরিচালনা (TOR অনুযায়ী) ও প্রতিদ্বন্দ্বিতা এবং সরকারি স্বার্থ রক্ষার্থে মহামান্য সুপ্রিম কোর্টে আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, প্রশাসনিক ট্রাইব্যুনাল এবং প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালের জন্য ০৮ (আট) জন প্যানেল আইনজীবী মনোনয়নের লক্ষ্যে আগ্রহী আইনজীবীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অভিজ্ঞতাসম্পন্ন ডেপুটি এ্যাটর্নী জেনারেল ও সহকারী এ্যাটর্নী জেনারেলদের অগ্রাধিকার দেয়া হবে।

**শর্তাবলিঃ**

১.	প্যানেল আইনজীবীগণ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা (পক্ষে/বিপক্ষে ) পরিচালনা (TOR অনুযায়ী ) ও প্রতিদ্বন্দ্বিতা করবেন এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি/সম্মানী সিডিউল মোতাবেক সম্মানী প্রাপ্য হবেন এবং উক্ত সম্মানী হতে সকল কর্তন নিশ্চিত করা হবে। ফি / সম্মানী ও অন্যান্য শর্তাবলীর কপি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আইন অধিশাখা থেকে সংগ্রহ করা যাবে।
২.	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের স্বার্থ আছে এমন মামলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।
৩.	নিয়োজিত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে নির্দিষ্ট “ছকে” নির্ধারিত তারিখের মধ্যে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বরাবর দাখিল করতে হবে।
৪.	মামলায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বিপক্ষে রায় হলে জরুরি ভিত্তিতে পরবর্তী করণীয় বিষয়ে লিখিতভাবে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বরাবর অবহিত করতে হবে।
৫.	কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে আবেদনে তা উল্লেখ করতে হবে।
৬.	হাইকোর্ট বিভাগে এ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ১০(দশ ) বছরের অভিজ্ঞতা ও আপীল বিভাগে এনরোলমেন্ট থাকতে হবে (প্রমাণক আবশ্যিক )।
৭.	আবেদনকারীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তির তারিখে ৬৫ (পঁয়ষট্টি ) বছরের অধিক হতে পারেবে না।

৮.	০৩ বছরের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে।
৯.	মনোনীত বিজ্ঞ আইনজীবী দায়িত্ব হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে সেক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে।
১০.	কোন প্যানেল আইনজীবীর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তার মনোনয়ন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১১.	কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

নিম্নবর্ণিত চাহিদা প্রতিপালনপূর্বক আবেদন করতে হবে;

১.	আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, বয়স, ফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি ইত্যাদিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত আবেদনে উল্লেখ করতে হবে।
২.	আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে।
৩.	আবেদনপত্রের সাথে সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে।
৪.	আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র, এসএসসি, এইচএসসি, ডিগ্রী এবং আইনের ডিগ্রিসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত অভিজ্ঞতা/সনদপত্রসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৫.	হাইকোর্ট বিভাগে এ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা ও আপিল বিভাগে এনরোলমেন্ট থাকতে হবে (প্রমাণক আবশ্যিক)। আবেদনকারী প্রাক্তন ডেপুটি এ্যাটর্নী জেনারেল/সহকারী এ্যাটর্নী জেনারেল হলে এ্যাটর্নী জেনারেলের দপ্তর থেকে অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে।
৬.	আগামী ২২-০৯-২০১৯ তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বরাবর আবেদনপত্র পৌছাতে হবে। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের আগামী ৩০/০৯/১৯ তারিখ বিকেল ৩ ঘটিকায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের জন্য বাছাইকৃত প্রার্থীদের নাম/রোল নাম্বার পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হবে। সাক্ষাৎকারের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

  
 গৌতম কুমার  
 যুগ্ম সচিব (আইন)

ও

সদস্য-সচিব

প্যানেল আইনজীবী নিয়োগ/বাছাই কমিটি  
 স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ